

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২৫/০৩/২০১৯ খ্রিষ্টাব্দ

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের চলচ্চিত্র ও আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন

২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর মুক্তিযুদ্ধের চলচ্চিত্র ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করেছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি দেশবরেণ্য শিল্পী হাশেম খান আগামী ২৬ মার্চ ২০১৯, মঙ্গলবার সকাল ১১.০০ টায় দিনব্যাপী চলচ্চিত্র এবং ২৬ থেকে ৩০ মার্চ পর্যন্ত পাঁচ দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করবেন।

অনুষ্ঠানটির সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা